

আগামীর শিক্ষাব্যবস্থা হবে জ্ঞান ও দক্ষতার সমন্বয়ে

— মাহদী আমিন

যুগান্তর প্রতিবেদন

প্রধানমন্ত্রীর শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষাবিষয়ক উপদেষ্টা মাহদী আমিন বলেছেন, আমাদের এমন একটি শিক্ষাব্যবস্থা গড়ে তুলতে হবে, যেখানে জ্ঞান ও দক্ষতার সমন্বয় থাকবে এবং শিক্ষার্থীরা বাস্তব জীবনের জন্য প্রস্তুত হবে। শুধু বইয়ের পড়াশোনা নয়, ইন্ডাস্ট্রির সঙ্গে সংযোগ, এক্সট্রা কারিকুলার কার্যক্রম ও বাস্তব অভিজ্ঞতাও সমান গুরুত্বপূর্ণ। একই সঙ্গে শৃঙ্খলা, নৈতিকতা ও সততার চর্চার মাধ্যমে বিশ্ববিদ্যালয়গুলো জ্ঞানচর্চার কেন্দ্র হিসাবে গড়ে তুলতে হবে। বৃহস্পতিবার রাজধানীর নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) গ্রীষ্মকালীন সেমিস্টার ২০২৬-এর ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এই মুখপাত্র এসব কথা বলেন। অনুষ্ঠানে স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য ১৮ জন শিক্ষার্থীকে শতভাগ মেধাবৃত্তিসহ মোট ৯৮ জন শিক্ষার্থীকে বিভিন্ন হারে বৃত্তি প্রদান করা হয়।

এতে সভাপতিত্ব করেন এনএসইউ'র উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী। বক্তব্য প্রদানকালে তিনি বলেন, 'নর্থ সাউথ ভার্সিটি শিক্ষার্থীদের বাস্তব জ্ঞানার্জন এবং ভবিষ্যতের নেতৃত্বের জন্য সহায়ক একটি প্রতিষ্ঠান। যা শিক্ষার্থীদের জীবনে সফল হতে এবং সমাজে অবদান রাখতে সাহায্য করে। এনএসইউ'র উপ-উপাচার্য অধ্যাপক নেছার উদ্দিন আহমেদ অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন। অনুষ্ঠানে আরও বক্তব্য দেন—ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান আজিজ আল কায়সার, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য এম. এ. কাশেম, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য বেনজীর আহমেদ, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য রেহানা রহমান এবং বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ইয়াছমিন কামাল। নতুন শিক্ষার্থীদের উদ্দেশে স্বাগত বক্তব্য প্রদান করেন এনএসইউ রেজিস্ট্রার ড. আহমেদ তাজমীন।



নর্থ সাউথ ইউনিভার্সিটিতে বৃহস্পতিবার গ্রীষ্মকালীন সেমিস্টারের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে শিক্ষার্থীকে সনদ দিচ্ছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন

যুগান্তর